দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...
৪০ 2002

আওয়ামী লীগ প্রেসিডিয়ামের জরুরী সভা

# সাংবাদিক, শিক্ষক ও ছাত্র-ছাত্রী নির্যাতনকারী জোট সরকারের অবিলম্বে পদত্যাগ দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল সোমবার রাতে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর এক জরুরী সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-শিক্ষকের ওপর পুলিশ ও সশস্ত্র সন্ত্রাসীদের বর্বরোচিত হামলার ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করেন। সভায় বলা হয়, দলের সভাপতিমণ্ডলীর সভা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফ্যাসিস্ট খুনী খালেদা জিয়ার জোট সরকারের ন্যক্কারজনক হামলার, তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে এবং ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান হয়। সভার প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারকীয় হামলার প্রতিবাদে আগামীকাল বুধবার আওয়ামী লীগ দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ ও প্রতিবাদ মিছিলের কর্মসূচী ঘোষণা করেছে। ঐদিন বিকালে মুক্তাঙ্গনে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠানের ঘোষণা দেয়া হয়।

সভায় বলা হয়, পরিকল্পিতভাবে মধ্যরাতে শামসুন্নাহার হলে নির্যাতন এবং গতকালের বর্বরোচিত হামলার সকল দায়-দায়িত্ব খালেদা জিয়াকে বহন করতে হবে। সভায় আরও বলা হয়, ছাত্রীদের ওপর নজিরবিহীন নারকীয় হামলা, ছাত্রীদের নিরাপত্তা দিতে ব্যর্থ হওয়া এবং ছাত্র, শিক্ষক ও সাংবাদিকদের ওপর নির্যাতনকারী এ সরকারের ক্ষমতায় থাকার নৈতিক অধিকার নেই। সভায় দেশ পরিচালনায় ব্যর্থ জোট সরকারের অবিলম্বে পদত্যাগের দাবী জানান হয়।

(১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## আওয়ামী লীগ প্রেসিডিয়ামের

(শেষ পৃঃ পর)

সভার এক প্রস্তাবে আজ ছাত্রলীগ আহূত হরতাল সফল করার আহ্বান জানান হয়। আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুস সামাদ আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার প্রস্তাবে আরও বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি নিজেকে নির্বাচিত বলে দাবী করলেও মূলত তিনি তার পূর্বের নির্বাচিত ভিসিকে রাতের অন্ধকারে অপসারণ করে খালেদা জিয়ার জোট সরকারের তল্পিবাহক হিসাবেই উপাচার্যের আসন দখল করেছেন। তিনি সরকারের ক্রীড়নক হিসাবে বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে অবস্থান নিয়ে ছাত্র-ছাত্রীদের চলমান ন্যায়সঙ্গত আন্দোলনকে বহিরাগত সন্ত্রাসী, অছাত্র ও গার্মেন্টস শ্রমিকদের আন্দোলন হিসাবে আখ্যায়িত করে তার কুৎসিত চেহারা ও চরিত্রকেই দেশবাসীর কাছে উন্মোচিত করেছেন।